

🔳 আল-আন'আম | Al-An'am | اُلْأَنْعَام

আয়াতঃ ৬: ১০২

💵 আরবি মূল আয়াত:

ذَٰلِكُمُ اللّٰهُ رَبُّكُم لَا اِلٰهَ اِلَّا هُوَ خَالِقُ كُلِّ شَيءٍ فَاعبُدُوهُ وَ هُوَ عَلَى كُلِّ شَيءٍ وَّكِيلٌ ﴿١٠٢﴾

তিনিই আল্লাহ, তোমাদের রব। তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই। তিনি প্রতিটি জিনিসের স্রষ্টা। সুতরাং তোমরা তাঁর ইবাদাত কর। আর তিনি প্রতিটি জিনিসের উপর তত্ত্বাবধায়ক। — আল-বায়ান

এই হলেন তোমাদের প্রতিপালক, তিনি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই, সব কিছুর স্রষ্টা; কাজেই তোমরা তাঁরই 'ইবাদাত কর, তিনি সমস্ত বিষয়ের ক্মবিধায়ক। — তাইসিক্রল

তিনি আল্লাহ, তোমাদের পরওয়ারদিগার। তিনি ছাড়া অন্য কেহই মা'বূদ নেই, প্রত্যেক বস্তুরই স্রষ্টা তিনি, অতএব তোমরা তাঁরই ইবাদাত কর, তিনিই সব জিনিসের উপর দায়িত্বশীল। — মুজিবুর রহমান

That is Allah, your Lord; there is no deity except Him, the Creator of all things, so worship Him. And He is Disposer of all things. — Sahih International

১০২. তিনিই তো আল্লাহ, তোমাদের রব; তিনি ছাড়া কোন সত্য ইলাহ নেই। তিনিই সবকিছুর স্রষ্টা; কাজেই তোমরা তাঁর ইবাদত কর; তিনি সবকিছুর তত্ত্বাবধায়ক।

তাফসীরে জাকারিয়া

(১০২) এই তো আল্লাহ তোমাদের প্রতিপালক! তিনি ব্যতীত কোন উপাস্য নেই, তিনিই সব কিছুরই স্রষ্টা। সুতরাং তোমরা তাঁর উপাসনা কর। তিনি সব কিছুরই তত্ত্বাবধায়ক।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=891



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন